# তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০১৪

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর

## মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার এর অবিচ্ছেদ্য অংশ। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), তথ্যের অবাধ প্রবাহে বিশ্বাসী। জাতীয় সংসদে তথ্য অধিকার আইন, ২০০৯ পাশ হওয়ার পর তথ্য কমিশন হতে তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়নের উদ্যোগ নেয়া হয় এবং এ নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে আলোচনা করা হয়। পরবর্তী সময়ে কমিশন সকল সরকারী প্রতিষ্ঠানকে তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়নে নির্দেশনা দেয়। তথ্য কমিশনের সহযোগিতায় বিভিন্ন আলোচনা ও বিশ্লেষণের পর অত্র ইনস্টিটিউট "তথ্য অবমুক্তকরণ নীতিমালা" প্রণয়নের উদ্যোগ গ্রহণ করে।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কর্মকাণ্ডে "তথ্য অধিকার আইন" সঠিক ভাবে প্রয়োগ হলে দাপ্তরিক কর্মসম্পাদনে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

দেশের অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র বিমোচনের জন্য সর্বস্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে "তথ্য অধিকার আইন, ২০০৯" বলিষ্ঠ ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

(ড. মো. রফিকুল ইসলাম মন্ডল)
মহাপরিচালক
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর

সূচিপত্র


| | | |
|---|---|---|
| **প্রথম অধ্যায়: নীতিমালার সাধারণ বিষয়** | | ৪ |
| **দ্বিতীয় অধ্যায়: প্রাথমিক বিষয়াদি** | | ৫ |
| ১. | পটভূমি ও নীতিমালার উদ্দেশ্য | ৫ |
| ১.১ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পটভূমি | ৫ |
| ১.২ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সাথে তথ্য অধিকারের সম্পর্ক | ৫ |
| ১.৩ | তথ্য অবমুক্তকরণ নীতি | ৬ |
| **২.** | **সংজ্ঞা** | ৬-৯ |
| **তৃতীয় অধ্যায়: নীতিমালা** | | ১০ |
| ৩. | তথ্যে শ্রেণিবিন্যাস | ১০ |
| ৩.১ | স্বপ্রণোদিত তথ্য | ১০ |
| ৩.২ | চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য | ১০ |
| ৩.৩ | চাহিবামাত্র আংশিক তথ্য প্রদানে বাধ্য | ১০ |
| ৩.৪ | কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় | ১০ |
| ৪. | তথ্যের ভাষা | ১১ |
| ৫. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি | ১১ |
| ৬. | আবেদন-প্রদান প্রক্রিয়া | ১২ |
| ৬.১ | তথ্য প্রাপ্তির অনুরোধ | ১২ |
| ৬.২ | তথ্য প্রদান পদ্ধতি | ১২ |
| ৬.৩ | তথ্য প্রদানের সময়সীমা | ১৩ |
| ৭. | তথ্যের মূল্যতালিকা | ১৩ |
| ৮. | তথ্য প্রদানে অপারগতা | ১৩ |
| ৯. | আপীল প্রক্রিয়া ও সময়সীমা | ১৪ |
| ১০. | শাস্তি | ১৪ |
| ১১. | পরিশিষ্ট তালিকা | ১৪ |
| ১২. | ফরমের তালিকা | ১৪ |
| পরিশিষ্ট-১ স্বপ্রণোদিত তথ্যের তালিকা | | ১৪ |
| পরিশিষ্ট-২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকা | | ১৫ |
| পরিশিষ্ট-৩ চাহিবামাত্র আংশিক প্রদানে বাধ্য তথ্যের তালিকা | | ১৫ |
| পরিশিষ্ট-৪ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি | | ১৫ |
| ফরম ‘ক’ - তথ্য প্রাপ্তির আবেদনপত্র | | ১৬ |
| ফরম ‘খ’ - তথ্য সরবরাহে অপারগতার নোটিশ | | ১৭ |
| ফরম ‘গ’ - আপীল আবেদন | | ১৮ |
| ফরম ‘ঘ’ - তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি | | ১৯ |

## প্রথম অধ্যায়: নীতিমালার সাধারণ বিষয়

যে কর্তৃপক্ষ নীতিমালাটি প্রণয়ন করেছে: বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

যে তারিখে নীতিমালাটি অনুমোদিত হয়:

শেষ সংশোধনের তারিখ: প্রযোজ্য নয়

যে নামে নীতিমালা কার্যকর হবে: তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০১৪

এ নীতিমালার সাথে সম্পর্কযুক্ত প্রতিষ্ঠানের অন্যান্য নীতিমালাসমূহ: বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট আইন, ১৯৯৬, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১।

এস আর ও নম্বর ২৪৩-আইন/২০১১

## দ্বিতীয় অধ্যায়: প্রাথমিক বিষয়াদি

### ১. পটভূমি ও নীতিমালার উদ্দেশ্য

### ১.১ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পটভূমি

কৃষি গবেষণার ইতিহাসে সবচেয়ে উল্লেখযোগ্য ও তাৎপর্যপূর্ণ ঘটনা হচ্ছে ১৯৭৩ সালের রাষ্ট্রপতির অধ্যাদেশে নং-৩২ জারিকরণ। এই অধ্যাদেশ বলে কৃষি গবেষণার উন্নয়ন ও সমন্বিত কার্যক্রমের পর্যাপ্ত সুযোগ সৃষ্টি হয়। এরই ধারাবাহিকতায় রাষ্ট্রপতির অধ্যাদেশ ন. ৬২ এর মাধ্যমে ‘ডাইরেক্টরেট অব এগ্রিকালচার (রিসার্চ এন্ড এডুকেশন)’ বিলুপ্ত হয় এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে।

বিএআরআই (বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট) দেশের বৃহত্তম বহুবিধ ফসল গবেষণা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান দানাশস্য, কন্দাল, ডাল, তৈলবীজ, সবজি, ফল, মসলা, ফুল ইত্যাদির উচ্চ ফলনশীল জাত উদ্ভাবন বিষয়ে গবেষণা করে থাকে। প্রতিষ্ঠানটি মৃত্তিকা এবং শস্য ব্যবস্থাপনা, রোগ বালাই এবং পোকামাকড় ব্যবস্থাপনা, পানি ও সেচ ব্যবস্থাপনা, কৃষি যন্ত্রপাতির উন্নয়ন, খামার পদ্ধতির উন্নয়ন, শস্য সংগ্রহোত্তর প্রযুক্তি উদ্ভাবন এবং আর্থ সামাজিক সংশ্লিষ্ট উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, বিপণন এবং পরিমাণ নির্ধারণ বিষয়ে গবেষণা করে থাকে।

মহাপরিচালক প্রতিষ্ঠানটির প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। মহাপরিচালক তিনটি উইং যথা গবেষণা উইং, সেবা ও সরবরাহ উইং এবং প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর তিন জন পরিচালকের মাধ্যমে তাঁর কার্য সম্পাদন করেন। গবেষণা উইং ৭টি কেন্দ্র, ১৭টি বিভাগ, ৬টি আঞ্চলিক কেন্দ্র, ৩৭টি উপকেন্দ্রের মাধ্যমে যাবতীয় গবেষণা পরিচালনা ও পর্যবেক্ষণ করে থাকে। সেবা ও সরবরাহ উইং গবেষণা ও জনবল ব্যবস্থাপনা সংক্রান্ত লজিস্টিক সাপোর্ট দিয়ে থাকে। এই উইং প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়ন ও সংগ্রহের দায়িত্বও পালন করে থাকে। প্রশিক্ষণ ও যোগাযোগ উইং মানবসম্পদ উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান এবং উচ্চ শিক্ষাকল্পে বৃত্তি প্রদান করে থাকে।

### ১.২ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর সাথে তথ্য অধিকারের সম্পর্ক

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর সাথে তথ্য অধিকারের সম্পর্ক রয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট সফলতার সাথে উচ্চফলনশীল জাতসহ অন্যান্য কৃষি প্রযুক্তি উদ্ভাবন করে আসছে। দেশের জলবায়ু ও কৃষকের চাহিদা অনুযায়ী বিএআরআই এই পর্যন্ত বিভিন্ন ফসলের ৮০০ এর অধিক প্রযুক্তি উদ্ভাবন করেছে এবং নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবনের কার্যক্রম চলমান রয়েছে। সাধারণ মানুষ যদি প্রযুক্তি সংক্রান্ত তথ্য পায় তাহলে কৃষি

উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করতে পারে। সরকারি, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিদেশি অর্থায়নে পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে। তাই বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর কার্যক্রম এবং উদ্ভাবিত প্রযুক্তি সংক্রান্ত তথ্য যা প্রকাশ করলে ইনস্টিটিউটের উপর অর্পিত মূল দায়িত্ব পালনকে ক্ষতিগ্রস্থ করবে না সেগুলো জানার অধিকার জনগণের আছে।

## ১.৩ তথ্য অবমুক্তকরণ নীতি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মূলনীতি হলো নতুন নতুন কৃষি প্রযুক্তি উদ্ভাবন করা। নতুন নতুন কৃষি প্রযুক্তি উদ্ভাবনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ক্ষেত্রে তথ্যের অবাধ প্রবাহ বিশেষ ভূমিকা পালন করতে পারে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট জনগণের তথ্যের অধিকারকে নিশ্চিত করার নীতিতে বিশ্বাসী।

তথ্য অবমুক্তকরণ নীতিটি তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে প্রণয়ন করা হয়েছে।

## ২. সংজ্ঞা

(ক) তথ্য: তথ্য অর্থে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের গঠন, কাঠামো, গবেষণা কার্যক্রম ও দাপ্তরিক কর্মকাণ্ড সংক্রান্ত তথ্য-উপাত্ত, আদেশ, বিজ্ঞপ্তি, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব এর অন্তর্ভূক্ত হবে;

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভূক্ত হবে না;

(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা: তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়নের জন্য এবং তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য সরবরাহে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) এর প্রধান কার্যালয়সহ বহি: কেন্দ্রসমূহের কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের পদবী ও ঠিকানা:

| ক্র. নং. | দায়িত্বপ্রাপ্ত/ভারপ্রাপ্ত কর্মকর্তাদের পদবী | ঠিকানা | টেলিফোন নম্বর | ফ্যাক্স/ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | পরিচালক (সেবা ও সরবরাহ) | সেবা ও সরবরাহ উইং প্রধান কার্যালয় বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর | ৯২৬২৫৪৭ | ফ্যাক্স: ৯২৬১৪১৫ dir.ss@bari.gov.bd |
| বিএআরআই এর বহি: কেন্দ্রসমূহ | | | | |
| ২. | পরিচালক | গম গবেষণা কেন্দ্র, বিএআরআই, নশিপুর, দিনাজপুর | ০৫৩১-৬৩০৪২ | dir.wrc@bari.gov.bd |
| ৩. | পরিচালক | মসলা গবেষণা কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়া | ০৫০৩৩-৬৯০৮১ | dir.src.@bari.gov.bd |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | পরিচালক | ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা | ০৭৩২৬-৬৩৬০৬ | dir.prc@bari.gov.bd |
| ৫. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক | আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, বিএআরআই, মাদারীপুর | ০২-৭৬১২৪০১ | cso.mad@bari.gov.bd |
| ৬. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, যশোর | ০৪২১-৬৮৬৪৯ | cso.jess@bari.gov.bd |
| ৭. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, জামালপুর | ০৯৮১-৬৩১৩৮ | cso.jamal@bari.gov.bd |
| ৮. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, রহমতপুর, বরিশাল | ০৪৩১-২১৭৩৮৭৭ | cso.rahmat@bari.gov.bd |
| ৯. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, হাটহাজারী, চট্টগ্রাম | ০৩১-২৬০১৫০৯ | cso.hatha@bari.gov.bd |
| ১০. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, আকবরপুর, মৌলভীবাজার | ০৮৬১-৫৩৪৬২ | cso.akbor@bari.gov.bd |
| ১১. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, চাঁপাইনবাবগঞ্জ | ০৭৮১-৫৫৪৭২ | cso.chapai@bari.gov.bd |
| ১২. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, বিএআরআই, দেবীগঞ্জ, পঞ্চগড় | ০৫৬৫-৪৫৬০১৫ | cso.debi@bari.gov.bd |
| ১৩. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, বুড়িরহাট ফার্ম, রংপুর | ০৫২১-৬৩৫১৯ | cso.burri@bari.gov.bd |
| ১৪. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | পাহাড়ি কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, খাগড়াছড়ি পার্বত্যজেলা | ০৩৭১-৬১৭২৫ | cso.khagra@bari.gov.bd |
| ১৫. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | গম গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, রাজবাড়ী, দিনাজপুর | ০৫৩১-৬৫০৮৩ | pso.dinaj@bari.gov.bd |
| ১৬. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক গম গবেষণা কেন্দ্র, বিএআরআই, শ্যামপুর, রাজশাহী | ০৭২১-৭৫০৪৬২ | pso.raj1@bari.gov.bd |
| ১৭. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী | ০৭২১-৭৫০৩৪৬ | pso.raj@bari.gov.bd |
| ১৮. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | লাক্ষা গবেষণা কেন্দ্র, বিএআরআই, কল্যাণপুর, চাঁপাইনবাবগঞ্জ | ০৭৮১-৭৫০৩৪৬ | pso.chapai@bari.gov.bd |
| ১৯. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, শিবপুর, নরসিংদী | ০৬২৫৬-৭৬০৭০ | rhrc.nor@bari.gov.bd |
| ২০. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, শাসনগাছা, কুমিল্লা | ০৮১-৬১৬০৬ | ars.com@bari.gov.bd |
| ২১. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, আড়াইওড়া, কুমিল্লা | ০৮১-৬১৬০৬ | rhrs.com@bari.gov.bd |
| ২২. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | কন্দাল ফসল গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, সেউজগাড়ী, বগুড়া | ০৫৬৫-৪৫৬০১৫ | pso.bogra@bari.gov.bd |
| ২৩. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, লেবুখালী, দুমকী, পটুয়াখালী | ০৪৪২৭-৫৬৩২০ | rhrs.pat@bari.gov.bd |
| ২৪. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা | ০৩৭১-৬১৭২৫ | pso.ram@bari.gov.bd |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, ময়মনসিংহ | ০৯১-৬৭৭৯৫ | ofrd.mym@bari.gov.bd |
| ২৬. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, পাবনা | ০৭৩১-৬৫৯৬৫ | ofrd.pab@bari.gov.bd |
| ২৭. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, আলমনগর, রংপুর | ০৫২১-৬২৬৩৫ | ofrd.rang@bari.gov.bd |
| ২৮. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, দৌলতপুর, খুলনা | ০৪১-৭৭৪৬৫৯ | ofrd.khul@bari.gov.bd |
| ২৯. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, মাইজদী, নোয়াখালী | ০৩২১-৬১৩৩৮ | ofrd.noa@bari.gov.bd |
| ৩০. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, শ্যামপুর, রাজশাহী | ০৭২১-৮১২৪৭৪ | ofrd.raj@bari.gov.bd |
| ৩১. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, খাবাসপুর, ফরিদপুর | ০৬৩১-৬৩৫৪২ | ofrd.farid@bari.gov.bd |
| ৩২. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | মসলা গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, ফরিদপুর | ০৬৩১-৬১৮৪৪ | pso.farid1@bari.gov.bd |
| ৩৩. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, পাহাড়তলী, চট্টগ্রাম | ০৩১-৬৫৯০৬২ | pso.pah@bari.gov.bd |
| ৩৪. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, রাইখালী, চন্দ্রঘোনা,রাঙ্গামাটি পার্বত্য জেলা | ০৪৪৩৪-৪৯৪৬৬৬ | pso.rai@bari.gov.bd |
| ৩৫. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | সাইট্রাস গবেষণা কেন্দ্র, বিএআরআই, জৈন্তাপুর, সিলেট | ০৮২২৯-৫৬০০৫ | pso.jain@bari.gov.bd |
| ৩৬. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, বিএআরআই, মাগুড়া | ০৪৮৮-৬৩৫৭৮ | sso.magura@bari.gov.bd |
| ৩৭. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, শিবপুর, নরসিংদী | ০৬২৫৬-৭৫২৪৭ | ofrd.nor@bari.gov.bd |
| ৩৮. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | মসলা গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, লালমনিরহাট | ০৫৯১-৬১৮৪৪ | sso.lal@bari.gov.bd |
| ৩৯. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, ঠাকুরগাঁও | ০৫৬১-৫২০৭০ | sso.thak@bari.gov.bd |
| ৪০. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | কন্দাল ফসল গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, মুন্সিগঞ্জ | ০৬৬১-৬২৪৩৫ | sso.mun@bari.gov.bd |
| ৪১. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, টাংগাইল | ০৯২১-৫৩৩৪৬ | ofrd.tang@bari.gov.bd |
| ৪২. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বরেন্দ্র কেন্দ্র, লক্ষীপুর প্যারামেডিকেল রোড, রাজশাহী | ০৭২১-৮১২৪৭৪ | ofrd.barind@bari.gov.bd |
| ৪৩. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, কুষ্টিয়া | ০৭১-৬২১৮৭ | ofrd.khus@bari.gov.bd |
| ৪৪. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, পার্বত্য চট্টগ্রাম অঞ্চল, বান্দরবান | ০৩৬১-৬২০৬৪ | ofrd.ban@bari.gov.bd |
| ৪৫. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক | সরেজমিন গবেষণা বিভাগ, | ০৪৪১-৬২৪৩১ | ofrd.pat@bari.gov.bd |

| | | | | |
|---|---|---|---|---|
| | কর্মকর্তা | বিএআরআই, সবুজবাগ, পটুয়াখালী | | |
| ৪৬. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, শাহজালাল উপশহর, সিলেট | ০৮২১-৭২২৩৬০ | ofrd.syl@bari.gov.bd |
| ৪৭. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, চেলোপাড়া, বগুড়া | ০৫১-৬৫৩৬৫ | ofrd.bogra@bari.gov.bd |
| ৪৮. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, ভোলা | ০৪৯১-৬১২৭৬ | ofrd.bho@bari.gov.bd |
| ৪৯. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমিন গবেষণা বিভাগ, কৃষি গবেষণা উপকেন্দ্র, বিএআরআই, কিশোরগঞ্জ | ০৯৪১-৬২৬১৯ | ofrd.kis@bari.gov.bd |
| ৫০. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, বেনেরপোতা, সাতক্ষীরা | ০১৭১৯-৩৩৬৩৪৮ | ars.sat@bari.gov.bd |
| ৫১. | ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সরেজমনি গবেষণা বিভাগ, বিএআরআই, গোপালগঞ্জ | ০২৬৬৮-১৭৪১ | ofrd.gopal@bari.gov.bd |

**(গ) তথ্য প্রদানকারী ইউনিট:** তথ্য প্রদানকারী কর্মকর্তার সমন্বয়ে প্রত্যেকটি কার্যালয়ে তথ্য প্রদানকারী ইউনিট গঠিত হবে;

**(ঘ) আপীল কর্তৃপক্ষ:** প্রধান কার্যালয়ের ক্ষেত্রে সচিব, কৃষি মন্ত্রণালয় এবং বহি: কেন্দ্র সমূহের ক্ষেত্রে মহাপরিচালক আপীল কর্তৃপক্ষ হবেন;

**(ঙ) ইনস্টিটিউট:** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;

**(চ) তফসিল:** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর বর্ণিত তফসিল;

**(ছ) মহাপরিচালক:** ইনস্টিটিউটের মহাপরিচালক;

**(জ) তথ্য কমিশন:** তথ্য অধিকার আইনের অধীনে প্রতিষ্ঠিত কমিশন;

**(ঝ) বিধিমালা:** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১১।

## তৃতীয় অধ্যায়: নীতিমালা

### ৩. তথ্যের শ্রেণিবিন্যাস

তথ্য অধিকার আইন অনুযায়ী প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে এবং জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য দিতে ইনস্টিটিউট বাধ্য থাকবে।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর কাছে যেসব তথ্য রয়েছে তা চারটি শ্রেণিতে ভাগ করা হয়েছে-

- স্বপ্রণোদিত তথ্য
- চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য
- চাহিবামাত্র আংশিক প্রদানে বাধ্য তথ্য
- কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

### ৩.১ স্বপ্রণোদিত তথ্য

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-১ এ উল্লেখ করা আছে যা তথ্য অধিকার আইন অনুযায়ী স্বপ্রণোদিতভাবে ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.bari.gov.bd) প্রকাশিত থাকবে।

যদি চাহিদা অনুযায়ী কোনো তথ্য ইনস্টিটিউটের ওয়েবসাইটে পাওয়া না যায় তাহলে, তথ্য চাহিদাকারী ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের তথ্য কর্মকর্তা বরাবর (ঠিকানা:বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর) আবেদন করতে পারবেন। উল্লেখ্য, ওয়েব সাইটে প্রকাশিত তথ্য ও আবেদনের ভিত্তিতে প্রদানযোগ্য হবে।

### ৩.২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-২ এ উল্লেখ করা আছে। এ জাতীয় চাহিদাকৃত তথ্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চাহিদাকারীকে প্রদান করতে পারবে।

### ৩.৩ চাহিবামাত্র আংশিক তথ্য প্রদানে বাধ্য

এই শ্রেণির তথ্যগুলো পরিশিষ্ট-৩ অনুযায়ী আংশিক প্রদান করা হবে। তালিকাটি ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত হবে। ইনস্টিটিউটের কর্তৃপক্ষ এটি অনুমোদন করবেন। এ তালিকাটি ইনস্টিটিউট কর্তৃক ৬ মাস পর পর পর্যালোচনা করে প্রয়োজনে সংযোজন/বিয়োজন করা হবে।
এ তালিকাটি ওয়েবসাইটে আলাদাভাবে প্রকাশ করা হবে না; নীতিমালা অংশ হিসেবেই থাকবে।

### ৩.৪ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

কতিপয় তথ্য যা কোন নাগরিককে প্রদান করতে ইনস্টিটিউট বাধ্য থাকবে না। এ তালিকাটিও ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত হবে। ইনস্টিটিউটের কর্তৃপক্ষ এটি অনুমোদন করবেন। এ তালিকাটি ইনস্টিটিউট কর্তৃক ৬ মাস পর পর পর্যালোচনা করে প্রয়োজনে সংযোজন/বিয়োজন করা হবে।

নিম্নবর্ণিত তথ্যসমূহ ইনস্টিটিউট কোন নাগরিককে প্রদান করতে বাধ্য থাকবে না, যথা-

(ক) কোন তথ্য প্রকাশের ফলে বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে এরূপ তথ্য:

(খ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরূপ তথ্য:

(গ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির  জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য:

(ঘ) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য;

(ঙ) অনুসন্ধানাধীন বা তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ অনুসন্ধান বা তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য;

(চ) কোন ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

(ছ) বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথি, বেতন ভাতাদিসহ অন্যান্য সুবিধাদি, বিভাগীয় শাস্তিমুলক ব্যবস্থা (কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত) এসব তথ্য;

(জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এরূপ তথ্য;

(ঝ) বারি'র গবেষণা সংক্রান্ত Immature Technology সমূহ

(ঞ) বিভিন্ন ল্যাবে গবেষণা সংক্রান্ত তথ্যাদি

(ট) নিয়োগের ক্ষেত্রে কোন পরীক্ষার নম্বর, বিভাগীয় পরীক্ষার নম্বর, এসিআর নম্বর সংক্রান্ত তথ্যাদি।

(ঠ) চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে অগ্রিম কোন তথ্যাদি।

(ড) এক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে একই বিষয়ে একবারের অধিক তথ্যাদি প্রদান করা হইবে না।

(ঢ) এমন কোন তথ্যাদি প্রদান করা হইবে না, যা প্রশাসনিক গোপনীয়তা প্রকাশ পাইবে এবং ইনস্টিটিউটের ভাবমূর্তি ক্ষতিগ্রস্থ হইবে।

**৪. তথ্যের ভাষা**

(ক) ৩ নং সেকশনে যেসব তথ্যের কথা উল্লেখ আছে সেগুলো ইনস্টিটিউটের কার্যক্ষেত্রে ব্যবহৃত বাংলা ভাষায় পাওয়া যাবে। এটি নির্ভর করবে অফিসিয়াল বা কার্যক্ষেত্রে যে ডকুমেন্টটি তৈরি হয়েছে তার উপর;

(খ) ইনস্টিটিউটে তথ্যটি যেভাবে প্রকাশ, ছাপা এবং সংরক্ষণ করা হয়েছে সেভাবেই দেবে;

(গ) ইনস্টিটিউট তথ্যটিকে এক ভাষা থেকে অন্য ভাষায় অনুবাদ বা রূপান্তর করে দেয়ার দায়িত্ব নেবে না।

**৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি**

তথ্যর আবেদনপত্র বাছাই, তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ ও তথ্য অবমুক্তকরণ সম্পর্কে প্রতিবেদন তৈরি; শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি তথ্য চাহিদাকারী হলে তার উপযুক্ত করে তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে দক্ষ ও পারদর্শী ইনস্টিটিউটের অন্য কোন কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

**৬. আবেদন-প্রদান প্রক্রিয়া**

তথ্য চাহিদাকারী সাদা কাগজে অথবা তথ্য অধিকার আইন বিধিমালা ফরম 'ক' (সংযুক্ত) ব্যবহার করে তথ্যের জন্য সরাসরি বা ই-মেইলের মাধ্যমে আবেদন করবেন। এই ফরম বিএআরআই এর অফিসিয়াল ওয়েবসাইটে পাওয়া যাবে।

**৬.১ তথ্য প্রাপ্তির অনুরোধ**

(১) কোন ব্যক্তি এই আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন।

(২) উপ-ধারা (১) (তথ্য অধিকার আইন ২০০৯) এ উল্লিখিত অনুরোধে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে, যথা :

(অ) অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;
(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;
(ই) অরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী; এবং
(ঈ) কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ

(৩) এই ধারার অধীন তথ্য প্রাপ্তির অনুরোধ কর্তৃপক্ষ কর্তৃক মুদ্রিত ফরমে বা, ক্ষেত্রমত, নির্ধারিত ফরমেট হতে হবে তবে শর্ত থাকে যে, ফরম মুদ্রিত বা সহজলভ্য না হলে কিংবা ফরমেট নির্ধারিত না হলে, উপ-ধারা (২) (তথ্য অধিকার আইন ২০০৯) এ উল্লিখিত তথ্যাবলী সন্নিবেশ করে সাদা কাগজে বা, ক্ষেত্রমত, ইলেকট্রনিক মিডিয়া বা ই-মেইলেও তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ করা যাবে।

(৪) উপ-ধারা (১) (তথ্য অধিকার আইন ২০০৯) এর অধীন তথ্য প্রাপ্তির ক্ষেত্রে অনুরোধকারীকে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উক্ত তথ্যের জন্য নির্ধারিত যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে।

(৫) সরকার, তথ্য কমিশনের সঙ্গে পরামর্শক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তথ্য প্রাপ্তির অনুরোধ ফিস এবং, প্রয়োজনে, তথ্যের মূল্য নির্ধারণ করতে পারবে এবং, ক্ষেত্রমত, কোন ব্যক্তি বা ব্যক্তি শ্রেণিকে কিংবা যে কোন শ্রেণির তথ্যকে উক্ত মূল্য প্রদান হতে অব্যাহতি প্রদান করতে পারবে।

(৬) প্রত্যেক কর্তৃপক্ষ, তথ্য কমিশনের নির্দেশনা অনুসরণে, বিনামূল্যে যে সকল তথ্য সরবরাহ করা হবে তার একটি তালিকা প্রস্তুত করে প্রকাশ ও প্রচার করবে।

**৬.২ তথ্য প্রদান পদ্ধতি**

(১) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ধারা ৮ এর উপ-ধারা (১) (তথ্য অধিকার আইন ২০০৯) এর অধীন অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

(২) উপ-ধারা (১) (তথ্য অধিকার আইন ২০০৯) এ যা কিছুই থাকুক না কেন, অনুরোধকৃত তথ্যের সঙ্গে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করতে হবে।

(৩) উপ-ধারা (১) ও (২) (তথ্য অধিকার আইন ২০০৯) এ যা কিছুই থাকুক না কেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি অনুরোধকারীকে অবহিত করবেন।

(৪) উপ-ধারা (১) এবং (২) (তথ্য অধিকার আইন ২০০৯) এ যা কিছুই থাকুক না কেন, ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধকৃত তথ্য কোন ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হতে মুক্তি সম্পর্কিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির অনধিক ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করবেন।

(৫) উপ-ধারা (১), (২) বা (৪) (তথ্য অধিকার আইন ২০০৯) এ উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সরবরাহ করতে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ হলে সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখ্যান করা হয়েছে বলে গণ্য হবে।

(৬) কোন অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য মজুদ থাকলে তিনি উক্ত তথ্যের যুক্তিসংগত মূল্য নির্ধারণ করবেন এবং উক্ত মূল্য অনধিক ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে পরিশোধ করবার জন্য অনুরোধকারীকে অবহিত করবেন।

(৭) উপ-ধারা (৬) (তথ্য অধিকার আইন ২০০৯) এর অধীন মূল্য নির্ধারণের ক্ষেত্রে তথ্য প্রদানের ব্যয় যেমন- তথ্যের মুদ্রিত মূল্য ইলেকট্রনিক ফরমেট এর মূল্য কিংবা ফটোকপি বা প্রিন্ট আউট সংক্রান্ত যে ব্যয় হবে তা হতে অধিক মূল্য নির্ধারণ করা যাবে না ।

(৮) ধারা ৮ এর উপ-ধারা (১) (তথ্য অধিকার আইন ২০০৯) এর অধীন অনুরোধকৃত তথ্য প্রদান করা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট যথাযথ বিবেচিত হলে এবং যেক্ষেত্রে উক্ত তথ্য তৃতীয় পক্ষ কর্তৃক সরবরাহ করা হয়েছে কিংবা উক্ত তথ্যে তৃতীয় পক্ষের স্বার্থ জড়িত রয়েছে এবং তৃতীয় পক্ষ তা গোপনীয় তথ্য হিসেবে গণ্য করেছেন সেইক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ অনুরোধ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে তৃতীয় পক্ষকে তার লিখিত বা মৌখিক মতামত চেয়ে নোটিশ প্রদান করবেন এবং তৃতীয় পক্ষ এইরূপ নোটিশের প্রেক্ষিতে কোন মতামত প্রদান করলে তা বিবেচনায় নিয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারীকে তথ্য প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(৯) ধারা ৭ (তথ্য অধিকার আইন ২০০৯) এ যা কিছুই থাকুক না কেন, তথ্য প্রকাশের জন্য বাধ্যতামূলক নয়, এইরূপ তথ্যের সঙ্গে সম্পর্কযুক্ত হবার কারণে কোন অনুরোধ সম্পূর্ণ প্রত্যাখ্যান করা যাবে না এবং অনুরোধের যতটুকু অংশ প্রকাশের জন্য বাধ্যতামূলক নয় এবং যতটুকু অংশ যৌক্তিকভাবে পৃথক করা সম্ভব, ততটুকু অংশ অনুরোধকারীকে সরবরাহ করতে হবে।

(১০) কোন ইন্দ্রীয় প্রতিবন্ধী ব্যক্তিকে কোন রেকর্ড বা তার অংশবিশেষ জানাবার প্রয়োজন হলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সহায়তা প্রদান করবেন এবং পরিদর্শনের জন্য যে ধরনের সহযোগিতা প্রয়োজন তা প্রদান করাও এই সহায়তার অন্তর্ভূক্ত বলে গণ্য হবে।

**৬.৩ তথ্য প্রদানের সময়সীমা**

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

**৭. তথ্যের মূল্যতালিকা**

(অ) ছাপানো তথ্যের জন্য যেখানে মূল্য নির্ধারিত রয়েছে সেই প্রতিবেদন বা কপির উক্ত মূল্য পরিশোধ করতে হবে। উক্ত মূল্য তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯- এর তফসিল ‘ঘ’ ফরম (সংযুক্ত) অনুযায়ী নির্ধারিত হবে;

(আ) যদি মূল্য লেখা না থাকে তাহলে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ফটোকপির জন্য যে মূল্য নির্ধারিত আছে সেই মূল্য পরিশোধ করতে হবে;

**৮. তথ্য প্রদানে অপারগতা**

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন পাওয়ার ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি তা অনুরোধকারীকে অবহিত করবেন। যদি সেকশন ৩.৪ এ উল্লিখিত ‘কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়’-এর আওতায় কোন তথ্য প্রদানের অপারগতার যথাযথ কারণ তথ্য চাহিদাকারীকে ফরম ‘খ’ (সংযুক্ত)-এর মাধ্যমে জানাতে হবে।
অন্যথায় বিনা কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য চাহিদাকারীকে কোন অবস্থাতেই অপারগতা জানাতে পারবেন না।

**৯. আপীল প্রক্রিয়া ও সময়সীমা**

কোন ব্যক্তি যদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য না পান কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন, তাহলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন।
আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক সাদা কাগজে বা তথ্য অধিকার বিধিমালার ফরম 'গ' (সংযুক্ত) অনুযায়ী করা যাবে।
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সংশ্লিষ্ট আপীল কর্তৃপক্ষ পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে আপীল নিষ্পত্তি করবেন। তথ্যপ্রাপ্তির আপীলসমূহ তথ্য অধিকার আইন, ২০০৯ -এর ধারা ২৪ এবং ২৮ অনুযায়ী বিবেচনা করা হবে।
আপীল কর্তৃপক্ষের রায় ইনস্টিটিউটের চূড়ান্ত রায় বলে বিবেচিত হবে। এ ব্যাপারে সংক্ষুব্ধ হলে তথ্য চাহিদাকারী তথ্য কমিশনে অভিযোগ দাখিল করতে পারবে।

**১০. শাস্তি**

যথাযথ কারণ ব্যতীত তথ্য প্রদানে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে বিবেচিত হবে এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০১১-এর বিধি অনুযায়ী উক্ত তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১১. পরিশিষ্ট তালিকা**

(অ) পরিশিষ্ট-১ স্বপ্রণোদিত তথ্যের তালিকা;
(আ) পরিশিষ্ট-২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকা;
(ই) পরিশিষ্ট-৩ চাহিবামাত্র আংশিক প্রদানে বাধ্য তথ্যের তালিকা;
(ঈ) পরিশিষ্ট-৪ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি;

**১২. ফরমের তালিকা**

(অ) ফরম 'ক' - তথ্য প্রাপ্তির আবেদন পত্র;
(আ) ফরম 'খ' - তথ্য সরবরাহের অপারগতার নোটিশ;
(ই) ফরম 'গ' - আপীল আবেদন;
(ঈ) ফরম 'ঘ' - তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি।

**পরিশিষ্ট-১ স্বপ্রণোদিত তথ্যের তালিকা**

- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামোর বিবরণ
- ইনস্টিটিউটের কার্যক্রম
- বার্ষিক প্রতিবেদন
- মহাপরিচালকের নাম ও যোগাযোগের ঠিকানা
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা
- সকল বিজ্ঞপ্তি/টেন্ডার বিজ্ঞপ্তি
- অপারেশনাল বিষয়াদি
- প্রকল্প সংক্রান্ত তথ্যাদি
- জনবল/কর্মকর্তাগণের তালিকা

**পরিশিষ্ট-২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকা**

- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত কৃষি প্রযুক্তি সংক্রান্ত তথ্য (প্রতিষ্ঠান কর্তৃক আনুষ্ঠানিক অবমুক্তির পরে)

**পরিশিষ্ট-৩ চাহিবামাত্র আংশিক প্রদানে বাধ্য তথ্যের তালিকা**

- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের বার্ষিক মোট বাজেট সংক্রান্ত তথ্য
- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের উন্নয়ন প্রকল্পের নাম ও সংখ্যা
- অবসরভূক্ত কর্মকর্তা ও কর্মচারীর নাম ও সংখ্যা

**পরিশিষ্ট-৪ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্দতি**

- অফিসিয়াল ওয়েবসাইট : www.bari.gov.bd
- তথ্যের হালনাগাদকরণ : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্তৃক পরিচালিত সকল কার্যক্রমের তথ্যাদি নিয়মিত ভাবে হালনাগাদ করা হচ্ছে।

**ফরম ‘ক’**

তথ্য প্রাপ্তির আবেদনপত্র

| | | |
|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : |
| | পিতার নাম | : |
| | মাতার নাম | : |
| | বর্তমান ঠিকানা | : |
| | স্থায়ী ঠিকানা | : |
| | ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর | : |
| | পেশা | : |
| ২। | কি ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) | : |
| ৩। | কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী (ছাপানো/ফটোপপি/ লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি) | : |
| ৪। | তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা | : |
| ৫। | প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা | : |
| ৬। | তথ্য প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | : |
| ৭। | আবেদনের তারিখ | : |

আবেদনকারীর স্বাক্ষর

**ফরম ‘খ’**

তথ্য সরবরাহে অপারগতা নোটিশ

আবেদনপত্রের সূত্র নম্বর: তারিখ: ……………..

প্রতি
আবেদনকারীর নাম: ……………………………….
ঠিকানা: ……………………………………………

বিষয়: তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,
আপনার ……………………………;তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হল না, যথা-

১। ……………………………………………………………………………………………………
………………………………………………………………………………….;

২। ……………………………………………………………………………………………………
………………………………………………………………………………….;

৩। ……………………………………………………………………………………………………
………………………………………………………………………………….;

(……………………………)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম:
পদবী:
দাপ্তরিক সীল

**ফরম ‘গ’**

আপীল আবেদন

| | | |
|---|---|---|
| ১। | আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) | : |
| ২। | আপীলের তারিখ | : |
| ৩। | যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তার কপি (যদি থাকে) | : |
| ৪। | যার আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে) | : |
| ৫। | আপীলের সংক্ষিপ্ত বিবরণ | : |
| ৬। | আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) | : |
| ৭। | প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি | : |
| ৮। | আপীলকারী কর্তৃক প্রত্যয়ন | : |
| ৯। | অন্য কোন তথ্য যা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন। | : |

আপীলকারীর স্বাক্ষর

<u>অনুলিপি</u>

**ফরম ‘ঘ’**

তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য বিপরীত কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হবে, যথা-

| ক্রমিক নম্বর | তথ্যের বিবরণ | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদূর্ধ্ব মাপের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য |
| ২। | ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | ১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে;<br>২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে তার প্রকৃত মূল্য |
| ৩। | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্য |

মহাপরিচালকের আদেশক্রমে